এ চাদরখানা আবূ জাহমের নিকট নিয়ে যাও, আর তার কাছ হতে আনবিজানিয়্যাহ (কারুকার্য ছাড়া মোটা চাদর) নিয়ে আস। এটা তো আমাকে সালাত হতে অমনোযোগী করে দিচ্ছিল।

‘আয়িশাহ রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদা একটি কারুকার্য খচিত চাদর গায়ে দিয়ে সালাত আদায় করলেন। আর সালাতে চাদরের কারুকার্যের প্রতি তাঁর দৃষ্টি পড়ল। সালাত শেষে তিনি বললেন, এ
চাদরখানা আবূ জাহমের নিকট নিয়ে যাও, আর তার কাছ হতে আনবিজানিয়্যাহ (কারুকার্য ছাড়া মোটা চাদর) নিয়ে আস। এটা তো আমাকে সালাত হতে অমনোযোগী করে দিচ্ছিল। অপর বর্ণনায় বর্ণিত, আমি সালাত আদায়ের সময় এর কারুকার্যের প্রতি আমার দৃষ্টি পড়ে। তখন আমি আশংকা করছিলাম যে, এটা আমাকে ফিতনায় ফেলে দিতে পারে। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আবূ জাহাম আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বিভিন্ন রং বিশিষ্ট ও কারুকার্য খচিত একটি চাদর হাদীয়া দিলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের চারিত্রিক সৌন্দর্যের বৈশিষ্ট্য ছিল তিনি হাদীয় কবুল করতেন, যাতে হাদীয়া প্রদানকারীর অন্তর খুশি হয়। তাই তিনি তার থেকে তা গ্রহণ করলেন। আর তা গায়ে দিয়ে তিনি সালাত আদায় করলেন। আর চাদরটি কারুকার্য ও বিভিন্ন রংয়ের হওয়ার কারণে সালাতে তার প্রতি তাঁর দৃষ্টি পড়ল এবং সালাতে পূর্ণ মনোযোগী হওয়া থেকে তা তাকে বিরত লাখলো। তখন তাদের নিদের্শ দিলন যেন এ চারুকার্য বিশিষ্ট্য চাদরটি হাদীয়া প্রদানকারী আবূ জাহামকে ফেরত দেয়া হয়। হাদীয়া ফেরত পাঠানোর কারণে আবূ জাহামের অন্তরে যাতে কোন কষ্ট না থাকে এবং তার অন্তর যাতে খুশি থাকে সে জন্য তিনি তাকে নির্দেশ দেন যে, আবূ জাহামের থেকে অপর একটি চাদর নিয়ে আসতে যাতে কোন রং বা কারুকার্য খচিত করা হয় নাই।

http://sunnah.global/hadeeth/bn/show/10882